



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১০৩/২০

তারিখ: ২৬/০৬/২০২২ খ্রি:সাব

বিষয়: রাজস্ব খাতভুক্ত বৃত্তি/উপবৃত্তির তথ্য এন্ট্রির ক্ষেত্রে MIS সফটওয়্যারে প্রতিষ্ঠানের পাসওয়ার্ড পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্রের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-৪৪১, তারিখ: ২৩-০৫-২০২২ খ্রি:সাব

উপবৃত্তি বিষয়ের পরিশ্রেণিতে ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ জিটুপি পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। প্রতিষ্ঠানের User ID ও Password ব্যবহার করে বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের তথ্য SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের MIS সফটওয়্যারে প্রতিষ্ঠান হতে এন্ট্রি করা হয়। কিন্তু প্রতিষ্ঠান User ID ও Password এর গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণ না করায় প্রত্যেক চক্র কর্তৃক শিক্ষার্থীদের ব্যাংক হিসাব নথরের পরিবর্তে ভিন্ন হিসাব নথর এন্ট্রি করে বৃত্তির অর্থ আফসং করার সম্ভাবনা থাকতে পারে। এ শ্রেণিতে প্রতিষ্ঠানসমূহের Password পরিবর্তনের জন্য মাঠ পর্যায়ে সুত্রোহ স্মারকে পত্র জারি করা হয়। কিন্তু কিছু সংখ্যক প্রতিষ্ঠান অদ্যাবধি MIS সফটওয়্যারে তাদের Password পরিবর্তন করেনি।

এনভাবস্থায়, পত্র জারির ০২ (দুই) কর্মদিবসের মধ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করে Password পরিবর্তন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

MIS সফটওয়্যারে প্রতিষ্ঠানের Password পরিবর্তন ও সংরক্ষণের ক্ষেত্রে নির্দেশাবলী:

০১. প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাপণ মেধাবৃত্তির সফটওয়্যারের পাসওয়ার্ড ব্যবহারে সর্বোচ্চ সতর্কতা ও গোপনীয়তা রক্ষা করবেন;
০২. প্রতিবার এন্ট্রি কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে;
০৩. এন্ট্রি কার্যক্রম চলমান না থাকলেও প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে;
০৪. প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রিকৃত তথ্য (বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীর নাম ও হিসাব নথর ইত্যাদি) সময় সময় সঠিক আছে কিনা তা নিশ্চিত করবেন;
০৫. পূর্বে এন্ট্রিকৃত তথ্যের ক্ষেত্রে ব্যাংক হিসাবধারীর নাম ও হিসাব নথর সংক্রান্ত কোনো ধরনের গড়মিল পরিলক্ষিত হলে তা সংশোধনপূর্বক তাৎক্ষণিকভাবে মাউশি অধিদপ্তর এবং SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
০৬. User ID, Password ও তথ্যের গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণের লক্ষ্যে বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের তথ্য আবশ্যিকভাবে নিজ প্রতিষ্ঠানের কম্পিউটার হতে MIS সফটওয়্যারে এন্ট্রি করতে হবে;
০৭. বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির ক্ষেত্রে কোন শিক্ষার্থীকে দায়িত্ব দেয়া যাবে না বা শিক্ষার্থীকে User ID ও Password প্রদান করা যাবে না;
০৮. User ID ও Password এর গোপনীয়তা রক্ষার স্বার্থে কোন অবস্থায় নিজ প্রতিষ্ঠানের কম্পিউটার ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠান/কম্পিউটার দোকান হতে তথ্য এন্ট্রি করা যাবে না;
০৯. সামাজিক যোগাযোগ মাধ্যমে (কেইলমুক, ফেসবুক, টেলিগ্রাম ইত্যাদি) বৃত্তির MIS সফটওয়্যারের User ID ও Password প্রকাশ করা যাবে না এবং
১০. এন্ট্রিকৃত তথ্যের সঠিকতা যাচাইয়ের জন্য বিগত ০২/০৩/২০২২ তারিখে মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০ পত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে।

উল্লিখিত নির্দেশনা অনুসরণ না করার ফলে বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ অন্য ব্যক্তির হিসাব নথরে প্রেরিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাপণ দায়ী থাকবেন। বিষয়টি অতীব জরুরি বিধায় মূত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(অধ্যাপক লুৎফুল আলম)
মহাপরিচালক



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd




স্মারক নম্বর: ২৬/০৬/২০২২/৬৪৮৪

তারিখ: ২৬/০৬/২০২২

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বৃত্তি/উপবৃত্তির তথ্য এন্ট্রির ক্ষেত্রে MIS সফটওয়্যারে প্রতিষ্ঠানের পাসওয়ার্ড পরিবর্তনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) থেকে প্রাপ্ত উপরোক্ত বিজ্ঞপ্তিটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং প্রধান শিক্ষকদের অবগতি ও কার্যার্থে অত্র বোর্ডের ওয়েব সাইটে প্রচার করা হলো।


চেয়ারম্যানের নির্দেশক্রমে


এস.এম. গোলাম আজম

প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

amr@rajshahieducationboard.gov.bd


২৬/০৬/২২